দৈনিক সংবাদ

১৩

তারিখ ... DEC 26 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বই কেনা প্রকল্পের অনিয়ম

নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের নবায়ন ও উন্নয়ন শীর্ষক প্রকল্পের বই কেনা নিয়ে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির কথা উঠেছে। দুটো জাতীয় দৈনিক ২/৩ দিনের ব্যবধানে বেশ গুরুত্ব দিয়েই এ খবর ছাপিয়েছে। এই দুর্নীতি ও অনিয়মের বিরুদ্ধে বিভিন্ন মতের ৬২ জন বরেণ্য বুদ্ধিজীবী জরুরি বিবৃতি পর্যন্ত দিয়েছেন। অভিযোগ করা হয়েছে, প্রকল্প পরিচালক ৭/৮ জন প্রকাশকের কাছ থেকে টাকা খেয়ে সাড়ে ৪ কোটি টাকার মধ্যে ৩ কোটি টাকারও বেশি টাকা দামের ঐ কজন প্রকাশকের বই তালিকাভুক্ত করেছেন। প্রকল্প পরিচালকের নিজের লেখা বই-ই নাকি কেনা হচ্ছে প্রায় ১ কোটি টাকার। সরকার শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষার্থীদের দেশকাল সচেতন ও বিজ্ঞানমনস্ক করে তোলার জন্যে সরকারি-বেসরকারি স্কুল ও কলেজ পর্যায়ে পাঠ্যপুস্তক বহির্ভূত প্রচুর বই দিচ্ছে। বেসরকারি স্কুলগুলোতে বই দেয়ার জন্যে প্রকল্পটির নাম হচ্ছে বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের নবায়ন ও উন্নয়ন শীর্ষক প্রকল্প। সুতরাং যে মহৎ লক্ষ্যে এই প্রকল্প সেখানে যে কোন অনিয়ম বা দুর্নীতির খবরে মর্মাহত হতে হয় বৈকি।

তাহলে আমরা কি বলব, মূল লক্ষ্য শিকেয় তুলে যে সমস্ত বই এবং যাদের লেখা বই বাজার পাচ্ছে না তাদের বই এভাবে চালিয়ে দেওয়াই প্রকল্প পরিচালকের প্রধান দায়িত্ব। সুতরাং এটা করতে গিয়ে স্বচ্ছতার যে অভাব ঘটেছে, গোটা প্রকল্প বাস্তবায়নে যে অনিয়ম হয়েছে তা বলার অপেক্ষা রাখে কি? দেশে এত প্রকাশক থাকতে মাত্র ৭/৮ জন প্রকাশক প্রকল্প পরিচালকের নজরে পড়লেন কেন সে রহস্যও ওপেন সিক্রেট। আমাদের সমস্যাটা এখানেই। যে কোন মহতী প্রকল্প প্রণয়নে আমাদের কর্তৃপক্ষ যতটা দক্ষ তার চেয়ে বেশি দক্ষ সেই প্রকল্পের বারোটা বাজাতে।

কর্তৃপক্ষের উচিত ছিল নির্ভরযোগ্য বরেণ্য শিক্ষাবিদদের দ্বারা কমিটি গঠন করে বইয়ের তলিকা তৈরি ও নিয়মমাফিক ক্রয় সম্পন্ন করা। কারিকুলাম বহির্ভূত মননশীল গ্রন্থ সরবরাহের ক্ষেত্রে সরকারের আরো সজাগ থাকা যে প্রয়োজন এই ঘটনার পর তা নতুন করে বলার অপেক্ষা রাখে কি? সুতরাং প্রকল্পটি সম্পর্কে দেশের বরেণ্য বুদ্ধিজীবীরা যে অভিযোগ তুলেছেন তা সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত করে অনিয়ম ও দুর্নীতিতে জড়িত কর্মকর্তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেয়া হোক। প্রকল্পের অধীনে স্কুল পাঠাগারে সরবরাহের জন্যে বই কেনার যে তালিকা তৈরি করে ইতোমধ্যে দরপত্র আহ্বান করা হয়েছে তা আপাতত স্থগিত রাখা হোক।